বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড
'Connecting Worlds for Enriching Lives'
১১৬ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা-১০০০
www.bscl.gov.bd

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৪.৩৯.০০০০.০০২.১৬.০৭৯.১৮.১১২০

**বিষয়: ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য প্রেরণ।**
সূত্র: স্মারক নং- ১৪.০০.০০০০.০০২.১৬.০০২.২০.২১৬৫; তারিখ- ০৪ আগস্ট ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্হ পত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রস্থ পত্রের চাহিদা অনুযায়ী ডাক ও টেলিযোগাযোগ বিভাগের আওতাধীন কোম্পানি হিসেবে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের তথ্য এতৎসঙ্গে প্রেরণ করা হল।

২০-১০-২০২৪
মোঃ জহিরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
০২৪১০৩০০৯২
managing.director@bscl.gov.bd
www.facebook.com/bcsclbd

সচিব, সচিবের দপ্তর, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১), প্রশাসন-১ শাখা, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ।

তারিখ: ৪ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ১৪.৩৯.০০০০.০০২.১৬.০৭৯.১৮.১১২০/১ (১)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। বিএসসিএল-এর সকল উইং/শাখা প্রধানগণ।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) ১৪.০০.০০০০.০০২.১৬.০০২.২০.২১৬৫ - ডাক ও টেলিযোগাযোগ বিভাগের ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের জন্য তথ্য প্রেরণ ।

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়নের তথ্য**

-

**ভুমিকাঃ**

ডাক ও টেলিযোগাযোগ বিভাগের তত্ত্বাবধানে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এর ব্যবস্থাপনায় আমেরিকান সময় ১১ মে ২০১৮ তারিখে দুপুর ৪:১৪ মিনিটে (বাংলাদেশ সময় ১১ মে দিবাগত রাত অর্থাৎ ১২ মে রাত ২:১৪ মিনিটে) সফলভাবে স্যাটেলাইটটি উৎক্ষেপিত হয়। উৎক্ষেপণের পর স্যাটেলাইটটি কারিগরি ও বাণিজ্যিকভাবে পরিচালনা, স্যাটেলাইট সেবার প্রসার এবং স্যাটেলাইট সেবা খাতে দক্ষ জনবল সৃষ্টির উদ্দেশ্যে ০৩ জুলাই ২০১৭ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় বিএস-১ পরিচালনার জন্য Bangladesh Communication Satellite Company Limited (BCSCL) গঠনের অনুমোদন প্রদান করা হয়। রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানি এন্ড ফার্মস-এর নিকট থেকে ১০ আগস্ট ২০১৭ তারিখে BCSCL নিবন্ধন গ্রহণ করে। প্রাথমিকভাবে Bangladesh Communication Satellite Company Limited (BCSCL) নামে পরিচালিত হলেও ভবিষ্যৎ কর্মপরিকল্পনা বিবেচনায় Bangladesh Satellite Company Limited (BSCL) হিসেবে নতুন নামকরণ করা হয়।



**চিত্রঃ** ২০১৮ সালের ১২ মে বিএস-১ এর সফল উৎক্ষেপণের মূহর্ত। SpaceX এর Launcher Rocket Falcon-9 এর

## রূপকল্প (Vision)

ন্যাটেলাইট ও সংশ্লিষ্ট সেবায় স্বনির্ভরতা অর্জন।

## অভিলক্ষ্য (Mission)

গবেষণা ও প্রাতিষ্ঠানিক উন্নয়নের মাধ্যমে যুগোপযোগী ও মানসম্পন্ন স্যাটেলাইট নেটওয়ার্ক স্থাপন, পরিচালনা, সেবা প্রদান এবং স্যাটেলাইট সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধি।

## উদ্দেশ্যসমূহ (Objectives)

) কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- বিএস-১: এর আয় বৃদ্ধি; বিএস-১ এর মাধ্যমে সম্প্রচারিত টিভি চ্যানেলসমূহ ও ডিটিএইচ সেবার সর্বোচ্চ প্রাপ্যতা (Uptime Availability) নিশ্চিতকরণ।
- যোগাযোগ (ভি-স্যাট) সেবার আওতায় বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানকে অন্তর্ভুক্তিকরণের মাধ্যমে স্থানীয় বাজার সৃষ্টি।
- সরকারের দীর্ঘ মেয়াদী পরিকল্পনার সাথে সম্পৃক্ততা সুনিশ্চিত করতে মানবসম্পদ উন্নয়নের লক্ষ্যে সরকারের দীর্ঘমেয়াদী পরিকল্পনাসমূহ ও সমসাময়িক বিষয়ের উপর প্রশিক্ষণ।

-
খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহঃ

- সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ।

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর কার্যালয় ও স্থাপনাঃ**

- প্রধান কার্যালয়: ১১৬ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, ঢাকা।
- প্রাইমারী গ্রাউন্ড স্টেশন: তেলিপাড়া টিএন্ডটি রোড, গাজীপুর সদর, গাজীপুর।
- সেকেন্ডারি গ্রাউন্ড স্টেশন: পোস্ট বেতবুনিয়া-৪৫১১, উপজেলাঃকাউখালি, জেলা: রাঙ্গামাটি।

**বিএস-১-এর পরিচিতিঃ**

বিএস-১ কৃত্রিম উপগ্রহটি একটি জিও স্টেশনারী স্যাটেলাইট। এটি ১১৯.১$^{0}$ পূর্ব দ্রাঘিমাংশে অবস্থিত। এর মাধ্যমে উন্নত কমিউনিকেশন এবং ব্রডকাস্টিং সার্ভিস দেওয়া হয়। এর মোট ৪০ টি ট্রান্সপন্ডার আছে, যার মধ্যে ২৬ টি Ku ব্যান্ডের এবং ১৪ টি C ব্যান্ডের ট্রান্সপন্ডার রয়েছে। প্রতিটি ট্রান্সপন্ডারের ব্যান্ডউইথ ৪০ MHz এবং এর সর্বমোট ব্যান্ডউইথ ১৬০০ MHz। এর ডিজাইন লাইফটাইম ১৮ বছর এবং মিশন লাইফটাইম ১৫ বছর।

**বিএস-১-এর সি-ব্যান্ডের ফুটপ্রিন্ট:** বাংলাদেশ, ভারত, নেপাল, ভুটান, শ্রীলংকা, মায়ানমার, ফিলিপাইন, ইন্দোনেশিয়া, আফগানিস্তান, পাকিস্তান, কিরগিজ্স্তান, তাজিকিস্তান, তুর্কমেনিস্তান, উজবেকিস্তান এবং কাজাকিস্তান এর কিছু অংশ।

**বিএস-১-এর কে-ইউ-ব্যান্ডের ফুটপ্রিন্ট:** বাংলাদেশ, সার্ক ভূক্ত দেশসমূহ, ফিলিপাইন, ইন্দোনেশিয়া

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর সেবাসমূহঃ**

**ক। কোম্পানির মূল সেবাসমূহ হলোঃ**

**ার সেবাঃ**

**উটিএইচ (ডিরেক্ট টু হোম):**

বিএস-১ এর কেইউ ব্যান্ডের তরঙ্গ ব্যবহার করে এই সেবা পরিচালনা করা হয়।

**ভিডিও ব্রডকাস্টিং:**

বিএস-১ এর সি ব্যান্ডের তরঙ্গ ব্যবহার করে এই সেবা পরিচালনা করা হয়।

**াগাযোগ সেবা:**

বিএস-১ এর কেইউ ও সি ব্যান্ডের তরঙ্গ ব্যবহার করে এই সেবা পরিচালনা করা হয়। এর মাধ্যমে টেলিযোগাযোগ, ডাটা নেটওয়ার্ক, ইন্টারনেট সেবা, কমিউনিকেশন ট্রাঙ্ক, টেলিমেডিসিন, ই-এডুকেশনসহ বিভিন্ন সেবা প্রদান করা যায়।

**ভ্যালু অ্যাডেড সেবা (Value Added Service (VAS):**

বিএসসিএল নতুন নতুন সেবা প্রদানের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। তৎমধ্যে নিম্নোক্ত সেবা উল্লেখযোগ্য:

**৩.১ Over The Top (OTT) সেবাঃ**

বিএসসিএল বর্তমানে দুইটি প্রতিষ্ঠানের সাথে Over The Top (OTT) সেবা নিয়ে কাজ করছে। এই সার্ভিসটির মাধ্যমে বাংলাদেশের সকল টেলিভিশন চ্যানেল বিদেশে (Middle East, Europe, Africa, America, other parts of Asia, etc) সরাসরি সম্প্রচার করা হবে। পর্যায়ক্রমে On Demand Service সহ অন্যান্য ফিচার যুক্ত করার পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে এই কার্যক্রম নিয়ে বেশ কিছু পরীক্ষা-নিরীক্ষা সম্পন্ন হয়েছে এবং প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে।

**৩.২ Multiple Channels Per Carrier (MCPC) প্ল্যাটফর্ম সেবাঃ**

বিএসসিএল কর্তৃক বিএস-১-এর মাধ্যমে টিভি চ্যানেল সমূহ আপলিঙ্ক করার জন্য ডিজিটাল প্রযুক্তি নির্ভর Multiple Channels Per Carrier (MCPC) প্ল্যাটফর্ম সেবা ও কেন্দ্রীয় আপলিঙ্ক সেবা প্রদান করা হচ্ছে। উক্ত ডিজিটাল সেবার মাধ্যমে অনেক কম সময়ে ও সাশ্রয়ী প্রযুক্তিতে টিভি চ্যানেল স্থাপন ও সম্প্রচার করা সম্ভব হচ্ছে। বর্তমানে সেবাটি একটি ঠিকাদার প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রহণ করা হচ্ছে। তবে ভবিষ্যতে নিজস্ব সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিএসসিএল এর নিজস্ব MCPC প্ল্যাটফর্ম স্থাপনের পরিকল্পনা রয়েছে, যা বাস্তবায়নের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**৩.৩ অন্যান্য সেবাঃ**

বিএসসিএল নিজস্ব ডিএসএনজি ক্রয় করে আগ্রহী প্রতিষ্ঠানের নিকট ভাড়া প্রদান করে, নিজস্ব প্লে আউট সিস্টেম ও সেন্ট্রাল এনক্রিপশন সিস্টেম স্থাপন করে আয়ের নতুন খাত তৈরি করার পরিকল্পনা করছে।

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর সেবা ও বিপণন কার্যক্রমঃ(জুন,২০২৪ পর্যন্ত)**

১। বিএসসিএল তার নিজস্ব আয়ে চলতে সক্ষম। ইতোমধ্যে বিএস-১ এর প্রায় ৫৩% ক্যাপাসিটি দেশে বিদেশে বিক্রয়/লীজ প্রদান করা হয়েছে।

২। বর্তমানে বিএস-১ এর সি ব্যান্ডের ১৪ টি ট্রান্সপন্ডারের সবগুলো ট্রান্সপন্ডারই বিক্রির জন্য চুক্তি হয়েছে, এর মধ্যে ১০ টি টান্সপন্ডার ব্যবহৃত হচ্ছে, বাকি ৪টি ট্রান্সপন্ডার এ বছরের শেষ নাগাদ ব্যবহৃত হবে বলে আশা করা যায়।

৩। বর্তমানে বিএস-১ এর কেইউ ব্যান্ডের ট্রান্সপন্ডারের সক্ষমতার প্রায় ৩৪% বিক্রি হয়েছে। অবশিষ্ট ব্যান্ডউইথ বিক্রির জন্য দেশে বিদেশে বিপণনের কাজ চলমান রয়েছে।

৪। বিএস-১ ব্যবহারের পূর্বে দেশি টেলিভিশন চ্যানেলসহ অন্যান্য প্রতিষ্ঠান বিদেশি স্যাটেলাইট হতে সেবা গ্রহণ করত। বিএস-১ উৎক্ষেপণ ও তা ব্যবহারের মাধ্যমে বৈদেশিক মুদ্রার এই বহিঃপ্রবাহ রোধ করা সম্ভব হয়েছে। শুধু তাই নয় সম্প্রচার খাতে দেশ প্রায় স্বয়ংসম্পূর্ণ হয়েছে।

৫। শুধুমাত্র দেশিয় প্রতিষ্ঠান নয়, বিএসসিএল বিভিন্ন বিদেশি টিভি চ্যানেলকে সেবা প্রদান করে বৈদেশিক মুদ্রা অর্জন করছে।

৬। বাংলাদেশের স্যাটেলাইট সেবা গ্রহণকারী প্রায় সকল প্রতিষ্ঠান প্রত্যক্ষভাবে বিএসসিএল-এর সেবা গ্রহণ করছে এবং পরোক্ষভাবে সমগ্র বাংলাদেশের জনগণ এই সেবা পাচ্ছে।

৭। বিএসসিএল-এর পক্ষ থেকে আন্তর্জাতিক মানের বিক্রয়োত্তর সেবা নিশ্চিত করা হয়েছে।

৮। বিএসসিএল দেশের চিহ্নিত গ্রাহকদের প্রায় সকলকে সেবার আওতায় নিয়ে এসেছে এবং নতুন গ্রাহক সৃষ্টির প্রচেষ্টা অব্যাহত রেখেছে। বিএসসিএল-এর সম্ভাব্য গ্রাহকের তালিকা নিম্নে প্রদান করা হলঃ

- নিজস্ব ভিস্যাট হাব স্থাপন সাপেক্ষে নৌ-বাহিনী ও ডিজিএফআই বাণিজ্যিক চুক্তি সম্পাদন করবে।
- সোনালী ব্যাংক, রূপালি ব্যাংক, কৃষি ব্যাংক, অগ্রণী ব্যাংক, ব্র্যাক ব্যাংক সহ অন্যান্য ব্যাংকের সাথে আলোচনা ও পরীক্ষা-নিরীক্ষা চলমান।
- ঢাকা ওয়াসা
- শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের কার্যালয়
- বাংলাদেশ জরিপ অধিদপ্তর
- রুপপুর পারমাণবিক কেন্দ্র
- পায়রা বন্দর কর্তৃপক্ষ
- সম্প্রচারের অপেক্ষায় থাকা দেশিয় টিভি চ্যানেল ও সম্ভাব্য বিদেশি টিভি চ্যানেল

৯। আন্তর্জাতিক বাজারে বিএস-১ এর সেবা বিপণন কার্যক্রমঃ

ক। মাদানী চ্যানেল ইউকে লিমিটেড নামক যুক্তরাজ্যের লাইসেন্স প্রাপ্ত টিভি চ্যানেল বর্তমানে বিএস-১ দিয়ে বাণিজ্যিকভাবে সম্প্রচার করছে উল্লেখ্য যে, এটিই বিএসসিএল-এর প্রথম বৈদেশিক বিক্রয়। এছাড়াও ভারতের টেলিভিশন চ্যানেল "Live India Today" বিএস-১ দিয়ে বাণিজ্যিকভাবে সম্প্রচার করছে

খ। Aircom Media Limited ও Amico Trading Corporation-এর সাথে সি ব্যান্ডের ৬টি ট্রান্সপন্ডার বিক্রয়ের চুক্তি হয়েছে। এর মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অনুমতিপ্রাপ্ত বিদেশি টিভি চ্যানেলগুলো বিএস-১ এর মাধ্যমে সম্প্রচারিত হবে। অদ্যাবধি তারা ২ টি ট্রান্সপন্ডার ব্যবহার করে Sony Entertainment Television-এর ১৩ টি চ্যানেল ও Zee Network-এর ২ টি চ্যানেল, Colors -এর ২টি সহ মোট ১৭টি টেলিভিশন চ্যানেল। পরিচালনা করেছে; অবশিষ্ট ব্যান্ডউইথ ধাপে ধাপে ব্যবহৃত হবে।

গ। বিএসসিএল কর্তৃক বিএস-১ এর সেবা বহির্বিশ্বে কেইউ ব্যান্ডের সেবা বিপণনের জন্য ইতোমধ্যে বেশ কিছু প্রতিষ্ঠান (ABS Global, Globecast, Network Innovation, IntelSat, Encompass, SingTel, Space Bridge)-এর সাথে বাণিজ্যিক আলোচনা চলমান।

ঘ। এছাড়া, বিদেশি বাজারে সেবার পরিসর সম্প্রসারণের জন্য ফিলিপাইনে-এ ABS Global-এর সাথে বিএস-১-এর কেইউ ব্যান্ডের তরঙ্গের সক্ষমতার পরীক্ষা সফলভাবে সম্পন্ন করা হয়েছে।

ঙ। বিদেশের বাজারে বিএস-১-এর ক্যাপাসিটি বিক্রয়ের জন্য বেশ কয়েকটি প্রতিষ্ঠানকে সেলস এজেন্ট হিসেবে নিয়োগ দেওয়া হয়েছে

**অন্যান্য উল্লেখ্যযোগ্য কার্যক্রমঃ (জুন,২০২৪ পর্যন্ত)**

**১। VSAT ভিত্তিক যোগাযোগ সেবার পরিসর বৃদ্ধিঃ**

বিএস-১-এর মাধ্যমে 'পয়েন্ট-টু-পয়েন্ট', 'পয়েন্ট-টু-মাল্টি পয়েন্ট, 'মেরিটাইম', 'কেরিয়ার অন দ্যা মুভ' যোগাযোগ সেবা প্রদানের জন্য ডিজিটাল প্রযুক্তির ভি-স্যাট হাব স্থাপন করা হয়েছে, যার ফলে দেশের যেকোনো প্রান্তে যোগাযোগ স্থাপন করা সম্ভবপর হচ্ছে। VSAT ভিত্তিক যোগাযোগ সেবার পরিসর বৃদ্ধির জন্য ইতোমধ্যে বিএসসিএল বিভিন্ন কার্যক্রম গ্রহণ করেছে। বিটিআরসি'র সামাজিক দায়বদ্ধতা তহবিলের অর্থায়নে বিএসসিএল কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশের প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বিএস-১ -এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন' প্রকল্পের মাধ্যমে দেশের প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় ৩৪টি ইউনিয়নে ভি-স্যাট নেটওয়ার্ক স্থাপন কার্যক্রম চলমান। উক্ত কার্যক্রম সম্পন্ন হলে ঐ সকল ইউনিয়নের জনগণ ইউনিয়ন পরিষদের সেবা, চিকিৎসা সেবা, শিক্ষা সেবা সহ দেশের সকল ডিজিটাল সেবা গ্রহণ করতে পারবে এবং প্রত্যন্ত, দুর্গম ও উপকূলীয় এলাকার সাথে ডিজিটাল বৈষম্য দূরীভূত হবে।

**র্যোগ ব্যবস্থাপনায় সেবা প্রদান:**

২০২২ সালে দেশের উত্তর-পূর্বাঞ্চলের বন্যাকবলিত সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার২৩টি উপজেলার ৩৬টি সাইটে ভিস্যাট ভিত্তিক জরুরি

টেলিযোগাযোগ সেবা স্থাপন করা হয়েছে। বন্যায় টেলিযোগাযোগ সেবা বিচ্ছিন্ন হওয়ায় বিএস-১ ভিত্তিক ভিস্যাট সেবার মাধ্যমে জরুরি টেলিযোগাযোগ সেবা প্রদান করা হয়েছিল।

**স্যাটেলাইট শিল্প, গবেষণা ও কর্মসংস্থান এ সুযোগ সৃষ্টি:**
মহাকাশ ও স্যাটেলাইট সংক্রান্ত উচ্চতর লেখাপড়া ও গবেষণার ক্ষেত্র ইত্যাদি শিল্পের সুযোগ সৃষ্টি ও বিকাশের সম্ভাবনা সৃষ্টি হয়েছে। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের স্যাটেলাইট বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
দেশের স্যাটেলাইট ভিত্তিক দক্ষ জনবল ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে। বিএস-১ পরিচালনার সকল কার্যক্রম সম্পাদনের জন্য এ বর্তমানে মোট ৭৮ জন কর্মরত রয়েছেন। বিএসসিএল-এর কর্মকর্তা ও কর্মচারীদের জন্য উন্নত কর্মপরিবেশ নিশ্চিত করা হয়েছে এবং তাদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে।

**ভ্যন্তরীণ ও আন্তর্জাতিক পর্যায়ে প্রচার:**
বিএসসিএল ডিজিটাল বাংলাদেশ মেলা, দুবাই এক্সপো-২০২০, বিশ্ব টেলিযোগাযোগ দিবসে রোড-শো, চতুর্থ শিল্প বিপ্লব সম্পর্কিত আন্তর্জাতিক সম্মেলন-২০২১ এর Mujib100 Industrial Exhibition-সহ বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণ করেছে। এছাড়া, International Telecommunication Union (ITU)-তে বাংলাদেশের স্যাটেলাইট সংক্রান্ত BDSAT ফাইলিং নিয়ে কার্যক্রম দ্রুতগতিতে এগিয়ে যাচ্ছে এবং ভবিষ্যতে BDSAT ফাইলিং নিয়ে বিএসসিএল-এর বেশকিছু কর্মপরিকল্পনা রয়েছে। দেশে বিএস-১-এর বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য অডিও-ভিজুয়াল তৈরি ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর আওতায় প্রকল্পসমূহঃ**

এ যাবতকালে বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল) এর আওতায় Social Obligation Fund (SOF)-এর অর্থায়নে দুই প্রকল্প গ্রহণ করা হয়ঃ

**"স্যাটেলাইটের মাধ্যমে দ্বীপ এলাকায় টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপন"** শীর্ষক প্রকল্প - দেশের প্রত্যন্ত দ্বীপে টেলিযোগাযোগ সেবা পৌঁছে দেবার নিমিত্ত এই প্রকল্প গ্রহণ করা হয়েছিল। এই প্রকল্পটি সফলভাবে সম্পন্ন হয়েছে। এ প্রকল্পের আওতায় ৩১ টি দ্বীপ/ চরের ১১২ টি সাইটে টেলিযোগাযোগ নেটওয়ার্ক স্থাপনের কাজ সম্পন্ন হয়েছে। এর মাধ্যমে এ সকল দ্বীপসমূহে তথ্যপ্রযুক্তি সেবা পৌঁছে দিয়ে Digital Divide দূর করা হচ্ছে।

বাংলাদেশের প্রত্যন্ত এলাকায় সামাজিক দায়বদ্ধতা তহবিলে বাস্তবায়নাধীন **"বাংলাদেশের প্রত্যন্ত, দূর্গম ও উপকূলীয় এলাকার বিভিন্ন জনপদ ও স্থাপনায় বিএস-১ এর মাধ্যমে টেলিযোগাযোগ সংযোগ স্থাপন প্রকল্প"**- কোম্পানি ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণ রুপকল্প বাস্তবায়নের লক্ষ্যে এই প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্পের আওতায় দুর্গম, প্রত্যন্ত ও উপকূলীয় ৩৪ টি ইউনিয়নে টেলিযোগাযোগ সংযোগ স্থাপিত হবে। ইতোমধ্যে হাব স্থাপন ও ১৪ টি সাইটে প্রাথমিক সংযোগ স্থাপনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। অনুমোদিত সাইটসমূহের প্রস্তুতি নিশ্চিত করা হচ্ছে এবং প্রত্যন্ত অঞ্চলের জন্য সোলার ও নেটওয়ার্ক ইকুইপমেন্ট সংগ্রহের কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের সার্বিক অগ্রগতি ৮৩%। উল্লেখ্য যে, বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড এর উদ্যোগে অত্র প্রকল্পের কারিগরী ও লজিস্টিক সহায়তায় বন্যা দুর্গত ৩ টি জেলার (সিলেট, সুনামগঞ্জ, নেত্রকোনা) ২৩টি উপজেলায় ৩৬টি সাইটে ভিস্যাট স্থাপন করা হয়।

**বাংলদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-এর ভবিষ্যৎ পরিকল্পনাঃ**

**ক। বিএস-১-এর ব্যান্ডউইথ বিক্রয়:**
দেশের বাজারের চাহিদা পূরণের পরও কেইউ ব্যান্ডের প্রায় ৪০%-৪৫% সক্ষমতা বিদেশে বিক্রি করতে হবে। তাই আন্তর্জাতিক বাজারে বিএস-১ এর তরঙ্গ মূল্য সমন্বয় করা হয়েছে। আশা করা যায়, ইন্টেলস্যাট, এবিএস গ্লোবাল, এনকম্পাস, প্ল্যানেটকাস্ট, সিংটেল সহ বেশ কিছু বিদেশি প্রতিষ্ঠানের কাছে উল্লেখযোগ্য পরিমাণ ব্যান্ডউইথ বিক্রয় করা সম্ভব হবে।
**খ। দেশের দ্বিতীয় স্যাটেলাইট ও ও অন্যান্য স্যাটেলাইট উৎক্ষেপণ:**
বিএসসিএল দেশের পরবর্তী স্যাটেলাইট (দ্বিতীয় স্যাটেলাইট) উৎক্ষেপণের লক্ষ্যে সরকারের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করেছে। বিএস-১ এর মেয়াদ ১৫ (পনেরো) বছর। এই স্যাটেলাইটের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই অনুরূপ স্যাটেলাইট উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে। বিএস-১ ও দেশের দ্বিতীয় স্যাটেলাইট এর ধারাবাহিকতায় দেশের চাহিদা অনুযায়ী পর্যায়ক্রমে আরও স্যাটেলাইট উৎক্ষেপণের পরিকল্পনা রয়েছে।
**বাংলাদেশ স্যাটেলাইট কোম্পানি লিমিটেড (বিএসসিএল)-কর্তৃক অর্জিত আন্তর্জাতিক স্বীকৃতিসমূহঃ**
ITU Telecom World Award 2018 Recognition of Excellence
ASOCIO 2018 Outstanding ICT Company Award

২০-১০-২০২৪

মোঃ জহিরুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক